

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০০৭

খোয়াই, ২৯ ফেব্রুয়ারি, ২০২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা

খোয়াই মহকুমার পরীক্ষাকেন্দ্রগুলিতে ১৪৪ ধারা

খোয়াই মহকুমার লালছড়া এইচ এস স্কুল, গণকী এইচ এস স্কুল, জাম্বুরা এইচ এস স্কুল, শরৎচন্দ্র এইচ এস স্কুল, চেবরী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং এ এম আর হাইস্কুলে আগামীকাল থেকে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা গ্রহণ করা হবে। শান্তিপূর্ণভাবে পরীক্ষা গ্রহণের জন্য খোয়াই মহকুমা প্রশাসন থেকে এক বিজ্ঞপ্তিতে পরীক্ষার দিনগুলিতে দুপুর ১২টা থেকে বিকেল ৩টা ১৫ মিনিট পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটার এলাকায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে পরীক্ষার্থী, সরকারি কাজে নিয়োজিত কর্মচারি, পুলিশ এবং অন্যান্য আইন প্রণয়নকারী সংস্থার সদস্য ব্যাতিত ৫ বা ততোধিক ব্যক্তি ২০০ মিটার এলাকার মধ্যে জড়ো হতে পারবেননা। পুলিশ ও আইন প্রণয়নকারী সংস্থা ছাড়া কোন ব্যক্তি কোনপ্রকার আগ্নেয়াস্ত্র বা অস্ত্রসম্পন্ন বহন করতে পারবেননা। পরীক্ষাকেন্দ্রের ২০০ মিটারের মধ্যে স্বরবর্ধক যন্ত্র ব্যবহার করা যাবে না। আদেশে বলা হয়েছে আইন অমান্যকারীর বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
